দৈনিক ইনকিলাব

তারিখ 08 MAR 2008
পৃষ্ঠা ১

মাতৃভাষার পাশাপাশি ইংরেজিকেও গুরুত্ব দিতে হবে : প্রেসিডেন্ট

৪৪তম সমাবর্তনে ঢাবি ছিল মুখরিত ও বিক্ষুব্ধ

সর্বস্তরে মাতৃভাষা চালু করতে কমিশন গঠন করুন : ভাষা সৈনিক আব্দুল মতিন

প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহম্মেদ গতকাল (সোমবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৪৪তম সমাবর্তন অনুষ্ঠানে ভাষা সৈনিক আব্দুল মতিনকে সম্মান সূচক ডক্টর অব লজ ডিগ্রী ও ক্রেস্ট প্রদান করেন

শাহজাহান শুভ

একদিনের জন্য উৎসবের ছোঁয়া লেগেছিল ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে। কালো-লাল গাউন পরে গ্রাজুয়েটদের হৈ-হুল্লোড়, জমজমাট আড্ডা, মাত্রই অতীত হওয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষাজীবনের স্মৃতি রোমন্থন, ক্যাম্পাসের স্মৃতি ধরে রাখার জন্য গ্রাজুয়েটবেশে ছবি তোলার জন্য হুড়োহুড়ি– সব মিলিয়ে অন্য রকম অভিজ্ঞতা। আর এ সুযোগটা তৈরী করে দিয়েছিল বিশ্ববিদ্যালয়ের ৪৪তম সমাবর্তন। সমাবর্তন উপলক্ষে একদিকে ছিল উৎসাহ-উদ্দীপনা অন্যদিকে ছিল প্রতিবাদ বিক্ষোভ। ক্যাম্পাসে প্রেসিডেন্টের আগমনের প্রতিবাদে গতকাল (সোমবার) মৌন মিছিল ও সমাবেশ করেছে ছাত্রলীগ। সমাবর্তনে সভাপতির ভাষণে প্রেসিডেন্ট প্রফেসর ইয়াজউদ্দিন আহম্মেদ উচ্চশিক্ষায় মাতৃভাষার পাশাপাশি ইংরেজিকেও পৃ ৪৫ ক ৪৪

৪৪তম সমাবর্তনে ঢাবি ছিল

প্রথম পৃষ্ঠার পর

গুরুত্ব দেয়ার আহবান জানিয়ে বলেছেন, অনেকের মতো আমিও ব্যক্তিগতভাবে চাই বিশ্ববিদ্যালয়ের পঠন-পাঠনে মাতৃভাষা স্থান পাক। কিন্তু একই সঙ্গে বিশ্বায়ন ও আন্তর্জাতিকতার কথা ভেবে উচ্চশিক্ষার ক্ষেত্রে ইংরেজি ভাষাকে গুরুত্ব দিতে হবে। সমাবর্তন বক্তা ভাষা সৈনিক আব্দুল মতিন সর্বস্তরে মাতৃভাষা চালু করতে কমিশন গঠনের প্রস্তাব দিয়েছেন।

রেওয়াজ অনুযায়ী চ্যান্সেলরের হাত থেকে সনদ নেয়ার রেওয়াজ থাকলেও স্বাধীনতার পর এ রেওয়াজটি প্রায় ভুলতেই বসেছিল ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। এবারের সমাবর্তন হলো ঢাকা বিশ্ববিদ্যালয়ে স্বাধীনতার পর মাত্র পঞ্চম সমাবর্তন। তবে আশার দিক হলো এবারই প্রথম পরপর দুই বছর সমাবর্তন অনুষ্ঠিত হলো। বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর প্রেসিডেন্ট প্রফেসর ইয়াজউদ্দিন আহম্মেদের সভাপতিত্বে অনুষ্ঠিত এবারের সমাবর্তনে ৩ হাজার ৮৮৫ জন গ্রাজুয়েট অংশগ্রহণ করেন। বিশেষ ফলাফলের জন্য ৫২ জন কৃতী শিক্ষার্থীকে ৬৭টি স্বর্ণপদক প্রদান করেন চ্যান্সেলর। 'ডক্টর অব লজ' ডিগ্রী প্রদান করা হয় মহান ভাষা আন্দোলনের দুই বীরসেনানী আব্দুল মতিন ও গাজীউল হককে।

চ্যান্সেলর শোভাযাত্রার মধ্য দিয়ে সমাবর্তন শুরু

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে সবাই নিজ নিজ পরিমণ্ডলে সর্বদা উজ্জীবিত ও সক্রিয় থাকবেন। ভাষা সৈনিক আব্দুল মতিন বলেন, ১৯৫২ সালে সালাম, বরকত, জব্বার, রফিক রক্ত দিয়েছিলেন। তাদের জাতীয় বীরের মর্যাদা দেয়া উচিত। শহীদদের সম্মানিত করার অর্থ জাতিকে, আমাদের জাতীয় ঐতিহ্যকে সম্মানিত করা। সর্বস্তরে মাতৃভাষা চালু না হওয়ায় হতাশা প্রকাশ করে তিনি বলেন, অত্যন্ত দুঃখের বিষয় এখনো সর্বস্তরে মাতৃভাষা প্রতিষ্ঠিত হয়নি। তা প্রতিষ্ঠা করতে হলে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, ভাষাবিদ, রাজনীতিবিদ, লেখক, বুদ্ধিজীবী, সাংবাদিক ও পণ্ডিত ব্যক্তিদের নিয়ে একটি কমিশন গঠন করতে হবে। এই কমিশনের দেয়া রিপোর্ট ও সুপারিশের ভিত্তিতে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে। একই সঙ্গে ইংরেজিসহ বিদেশী ভাষা শিক্ষার ওপর জোর দিয়ে ভাষা সৈনিক মতিন বলেন, তরুণ প্রজন্ম যেন ইংরেজিসহ অন্যান্য গুরুত্বপূর্ণ ভাষাসমূহ শিখতে পারে সে জন্য পদক্ষেপ নেয়া দরকার। আর এ ক্ষেত্রে ঢাকা বিশ্ববিদ্যালয়কে কাণ্ডারির ভূমিকা পালন করতে হবে। তিনি বলেন, আমরা ১৯৫২ সালে যে স্বপ্ন দেখেছিলাম, ১৯৭১ সালে যে স্বপ্ন বুকে ধারণ ও লালন করেছিলাম, তা আজও পূরণ হয়নি। আজকের তরুণ ছাত্ররাই পারে সেই অপূর্ণ ও অসম্পূর্ণ স্বপ্ন বাস্তবায়ন করতে। যার জন্য দরকার অব্যাহত [illegible] ও আন্তরিক সম্মানসহ। ডক্টর অব লজ ডিগ্রী প্রদান করা হয় মহান ভাষা আন্দোলনের দুই বীরসেনানী আব্দুল মতিন ও গাজীউল হককে।

ইরাক বিষয়ে আলোচনার জন্য মার্কিন আমন্ত্রণ পেয়েছে ইরান

এএফপি : ইরাক বিষয়ে আরো আলোচনার জন্য বেশী মার্কিন যুক্তরাষ্ট্রের তরফ থেকে আমাদের আমন্ত্রণ জানানো হয়েছে বলে ইরান ঘোষণা করেছে। ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র মোহাম্মদ আলী হোসাইনি তেহরানে সাংবাদিকদের জানান, ইরাকের নিরাপত্তা বিষয়ে নিয়ে আলোচনার জন্য আমরা নতুন করে মার্কিন কর্তৃপক্ষের কাছ থেকে একটি আমন্ত্রণ পেয়েছি। এটি হচ্ছে ইরাক বিষয়ে তিন দেশী দল যুক্তরাষ্ট্র সহ ইরানের হয়ে চতুর্থ দল আন্তর্জাতিক বৈঠক। তিনি বলেন, তেহরানের দূতের দলবলের সাথে ইরাক প্রধান গোলাম রেজা বিষয়টি তেবে দেখছি। ইরানের ইসলামী বিপ্লবের পর তেহরানে মার্কিন দূতাবাস না থাকায় দুইদেশ দূতাবাস তাদের বিষয়গুলো তদারকি করে। পাশ্চাত্যে দেশ ইরানের ইস্যুকে নিয়ে উত্তেজনা, অব্যাহত থাকলেও তেহরান দেশের মধ্যে সুপ্রভাব কোন আলোচনা হয়নি। তবে ইরানের সঙ্গে নতুন করে আলোচনা শুরু করার পক্ষে ইরানের একটি প্রতিনিধি দল গত মার্চ সাধারণ সভায় করেন।

বিজ্ঞাপন

কোয়েশ্চেন বিয়ান বিস্কুট
নিয়মানের খাদ্যের তালিকা
প্রস্তুতকারক : মিশুক কোয়ার্ট্রিয়ন্ত্রণ
একটি গোয়েশ্চেন বিয়ান প্রতিষ্ঠান
নিবেদন : প্রিয়ের বাড়ীর পিস্ ও ব্যাকেরি
বাংলাদেশ (মাইক) মালয়েশিয়া বাণিজ্যমেলা